REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

## বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৩ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৭ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৪শে চৈত্র বুধবার ১৩২৭ ইংরাজী 6th April 1921 | ৩৪শ সংখ্যা।




দর্পণ সাক্ষাতেই রমণীর সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।

আমাদের কেশরঞ্জন তৈল। গুণে বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল। প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল। মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বর-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থম্মন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল। কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের শস্ক মরামাস ও খুস্কি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ৷৵০ ছয় আনা। তিন শিশি ২৷০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

### অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীঅঙ্গবিপ্লব ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীরক্ষক। হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারে লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১৷০ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল ... ... ৷৵০ নয় আনা।

### হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিদের অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোংর
**আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।**
১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

## হিলিংবাম

গত ২৭ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমানে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা-যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অথবা অন্যদিনে পুনরাক্রমণ করিতে পায় না। রোগীকেও সারায় ডাক্তারগণকে সুখ্যাতি অর্জনের সাহায্য করে।

এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি।

আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি
লেঃ কর্ণেল এস, পি, সাও, এম, আর, সি, পি, এস, আর, সি, এস,
মেজর বি কে, বসু—এম, ডি, সি, এম,
কাপ্তেন এস, এন, চৌধুরী এম, আর, সি, এস ; এল, আর, সি, পি ;

এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য বড় শিশি (৮ দিনের) ২৷০ ; ছোট শিশি (অর্দ্ধেক) ১৷০ ;
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত মালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ, গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। স্যাঙ্গো ক্ষুধা বৃদ্ধি করে, মাথা ঘোরা বুক ধড়ফড় করা অনিদ্রা বহুমূত্র সমস্ত কষ্ট দূর করে। স্যাঙ্গো মনে বল আনে, মেধা বৃদ্ধি করে। পারা, গরমী প্রভৃতি রক্ত-দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সন্ধি আদি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, প্রদর, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে। বালক, যুবা, বৃদ্ধ সকল বয়সের লোকই স্যাঙ্গো সেবনে উপকার পাইবেন।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲ ; ৩টী একত্রে ৫৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৪শে চৈত্র বুধবার ১৩২৭ সাল।

## নওদা গ্রামে ভীষণ অগ্নিকাণ্ড।

—:০:—

গত বৃহস্পতিবার বেলা দ্বিপ্রহরের সময় মির্জ্জাপুর থানার নিকটবর্ত্তী নওদা গ্রামে মোহর আলি মিঞার গৃহে আগুন লাগিয়া ২৫টী গৃহস্থের যথা সর্ব্বস্ব ভস্মীভূত করিয়াছে। মানোয়ার আলি মিঞার বহু টাকার ধান্য পুড়িয়া গিয়াছে। কণ্ট্রাক্টর সায়ফুদ্দীন মিঞার একটী গরু পুড়িয়া গিয়াছে। পরিধেয় বস্ত্রখানি ভিন্ন আর কিছু বাঁচে নাই বলিলেই হয়। একে এই প্রচণ্ড গ্রীষ্ম তাহাতে বেলা দ্বিপ্রহরের সময় অগ্নি নির্ব্বাপন দূরের কথা কেহ অগ্নির নিকটস্থ হইতে পারে নাই। কেবল দাঁড়াইয়া অগ্নির তাণ্ডব নৃত্য দেখিতে হইয়াছে।

---

## ব্যাধি।

—০—

বিগত কয়েক বৎসর হইতে এতদঞ্চলের অধিবাসীবর্গ ম্যালেরিয়ায় ভুগিয়া ভুগিয়া অর্দ্ধমৃত হইয়া আছে। তাহার উপর অধিকাংশ লোকেই অনশনে না হউক অর্দ্ধাশনে দিনপাত করিতেছে। অধিকাংশ মানুষই কঙ্কালসার। তার উপর বসন্ত, নিউমোনিয়া, ও কলেরার আক্রমণ আরম্ভ হইয়াছে। এই সকল প্রবল রোগের আক্রমণ সহ্য করে এমন শক্তি কাহারও নাই। যেই আক্রমণ অমনি মৃত্যু ভিন্ন গত্যন্তর নাই। পূর্ব্বে সংক্রামক রোগে আক্রান্ত হইলে যেমন অনেক মরিত তেমনি আবার অনেকেই আরোগ্য হইত। আজকাল কিন্তু অধিকাংশ রোগীই মরণকে আলিঙ্গন করিয়া ব্যাধি ও দরিদ্রতার হস্ত হইতে নিস্কৃতি লাভ করিতেছে। জন্ম অপেক্ষা মৃত্যু সংখ্যা কাজেই বেশী হইয়া পড়িয়াছে।

---

## মিউনিসিপালিটীর কোষ বৃদ্ধি।

—:০:—

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর কমিশনগণের গত অধিবেশনে ট্যাক্স বৃদ্ধির প্রস্তাব অধিকাংশ সভ্যের মতানুসারে পরিগৃহীত হইয়াছে। তা বেশ হইয়াছে। জিনিষের দর বাড়িতেছে, রেলের মাশুল বাড়িতেছে, ডাকঘরের মাশুল বৃদ্ধি হইতেছে, এই বৃদ্ধির যুগে আমাদের মিউনিসিপালিটীই বা কর বৃদ্ধি করিবেনা কেন? কোন বৃদ্ধিই যখন আটকান যায় না তখন স্থানীয় কিঞ্চিৎ বৃদ্ধিতে ছটফট করিলে চলিবে কেন? এই কর বৃদ্ধিতে মিউনিসিপাল কোষের উন্নতি হইলে আমরা ইহার বাহ্যিক উন্নতি দেখিবার আশায় রহিলাম। আবার শুনিতেছি নর্দ্দমাগুলি ঝালান বন্ধ হইল, উন্নতির নমুনা দেখা গিয়াছে। করদাতাগণ সবুর করুন, সবুরে মেওয়া ফলে জানেন ত?

---

## আইলের উপরে ফটিক জল।

—০—

জঙ্গিপুর মিউমিসিপালিটীর ৫নং মহল্লার আইলের উপর একটী গরীব মুসলমান অধ্যুসিত অংশ। সহরে এই অংশে কয়েকটী পুকুর ডোবা আছে। গরীব অধিবাসীগণ পানীয় ছাড়া অন্যান্য ব্যবহার্য্য জল এই সকল ডোবা হইতে সংগ্রহ করিত। কিন্তু ম্যালেরিয়া নিবারক ড্রেনেজ স্কীম প্রসাদাৎ সেই জলাশয় গুলি জলশূন্য হইয়াছে। জঙ্গিপুর সাহেব বাজারের নীচে মা ভাগীরথী বা গাররীপাড়ার নীচে খড়খড়ি ভিন্ন তাহাদের এককোটা জল পাইবার উপায় নাই। এই জলকষ্ট নিবারণ জন্য ভাইসচেয়ারম্যান বাহাদুর একদিন তদন্তে আসিয়াছিলেন। শুনিয়াছি অস্থায়ী কুয়া খননের আদেশ হইয়াছে। কাগজে কলমে কুয়া কাটার হুকুম থাকিলে উহা পঞ্জিকার ৮০ আঢ়ার জলের মত জলকষ্ট নিবারণ করিবে বৈ ত নয়। আইলের উপরবাসী মিঞা ভাইগণ! তোমাদের উপর খোদাতাল্লা নারাজ নহেন। জলের হুকুম হইয়াছে কেবল মাত্র তালিম হইতে দেরী। নসীবে পানি থাকে ত পাইবে। আর বর্ষা আসিতে বেশী দেরী নাই সে ভরসা আমরা দিতে পারি। তখন চাতকের ফটিক জল ঘুচিবে তোমাদেরও ফটিক জল ঘুচিবে।

---

## ভারতের লোক সংখ্যা।

—০—

গত ১৮ই মার্চ্চ তারিখের আদমসুমারী অনুসারে প্রকাশ যে, সমগ্র বৃটিশ ভারত ও দেশীয় রাজ্য সমূহের লোক সংখ্যা ৩১ কোটি ৯০ লক্ষ। ১৯১১ সালে যে সুমারী হইয়াছিল তাহাতে ভারতের লোক সংখ্যা ৩১ কোটি ৫১৷৷০ লক্ষ বলিয়া প্রকাশ পাইয়াছিল।

---

## ক্ষতিপূরণে ভাগ।

—০—

জার্ম্মাণীর নিকট যে ক্ষতিপূরণ আদায় করা হইবে তাহার হইতে নাকি ভারতবর্ষকে ৮০ লক্ষ ৭৫ হাজার টাকা দেওয়া হইবে।

—০—

## দুর্ভিক্ষ।

—০—

সংবাদ পত্রে প্রকাশ গুজরাটের বহুস্থানে ভীষণ দুর্ভিক্ষ দেখা দিয়াছে।

---

## রাজসাহী জেহালমে হোলিহ্যায়।

—০—

জেলের পাহারার কড়াকড়ি নিয়ম অনেকেই জানেন। চারিদিকে প্রকাণ্ড গগনভেদী প্রাচীর। প্রবেশ দ্বারে লৌহের দৃঢ় গরাদে দেওয়া ফটক। তাহাতে সঙ্গীনধারী গালপাট্টা ওয়ালা যমদূতের সোদরপ্রতিম ভীষণ দর্শন, বিশালবপু দেশোয়ালী ওয়ার্ডার সর্ব্বদা দণ্ডায়মান। মানুষ ত মানুষ ছুঁচো ইন্দুরের পাশাইবার উপায়টী নাই। রাত্রিকালে গৃহ মধ্যে আবদ্ধ কয়েদীগণের মধ্যেও ওয়ার্ডারের পাহারা ছাড়া সজাগ একজন কয়েদী প্রহরীর কার্য্য করে। রাত্রিকালে ওয়ার্ডারের অর্ডার মত প্রত্যেক নম্বর ঘরের কয়েদীপ্রহরী ঘুমন্ত কয়েদীগণকে গণনা করিয়া গানের সুরে চীৎকার করিয়া বলে "সাত নম্বর পঁইতিশ জমা খরচ আচ্ছা।" এত বজ্র-আঁটুনির মধ্যেও গত পূর্ব্ব বৃহস্পতিবার ফস্কা গেড়ো হইয়া গিয়াছে। রাত্রিতে নয় প্রকাশ্য দিবালোকে বেলা প্রায় বারটার সময় রাজসাহী সেণ্ট্রাল জেল হইতে কয়েদী পলায়ন করিয়াছে। পলাইয়াছে দুটী একটী নয় ৭০০ আন্দাজ। শুধুই কি পলাইয়াছে আবার যাইবার সময় তাহাদের চিরবন্ধু ওয়ার্ডারগণের সহিত মোলাকাৎ করিয়া অনেকগুলি বন্দুক লইয়া গিয়াছে। দিবালোকে রাজসাহীর মত টাউন, যেখানে জজ, ম্যাজিষ্ট্রেট, পুলিশসাহেব, কত ইন্স্পেক্টর, সবইন্স্পেক্টর, তা ছাড়া অসংখ্য রামসিং, পালোয়ান সিং, দোবে জী, চৌবে জী, পাঁড়ে জী, পাঠক জী, স্ব স্ব বল ও ক্ষমতা জাহির করিতে কসুর করে না। যেখানে কয়েদীগণ পলাইলে বাধা দিবার রিহার্সেল জন্য মিছামিছি মাঝে মাঝে পাগলা ঘুণ্টী (Alarm) দেওয়া হইয়া থাকে, এহেন টাউনে বেলা দ্বিপ্রহরে যেদিন সত্য সত্যই পালে বাঘ পড়িল সে দিন কুচ্ছু হোইল না। সাত শ' কয়েদী বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করিল। রাজসাহী সহরে খুব হৈ চৈ লাগিয়াছে। পুলিশের বড়বড় জাঁদরেলগণও রাজসাহীতে নোকড়ী দিতে আসিয়াছেন। এখন পর্য্যন্ত যাহা সংবাদ পাওয়া গিয়াছে তাহাতে কতক ধৃত, কতক মৃত, কতক পলাতক। আমরাও তাহা জানি "হয় পুত্র, নয় কন্যা, নয় গর্ভপাত।" কেন এই ঘটনা ঘটিল তাহা নির্দ্ধারণ জন্য শুনিতেছি যে সরকারী কমিশন বসিতেছে।

---

## নীলামের ইস্তাহার

চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৫ই এপ্রেল ১৯২১।

—০—

১৬২ মনি ডিঃ গিরিধারী দাঁ দেঃ ললিতমোহন ঘোষ দাবি ৫৯৮৶৩ পং সুলতান উজিয়ান মৌঃ হিলোড়া ৫/০ কাত ১৲ ও ২৵০ অর্দ্ধাংশের আঃ মূঃ ৪০৲

৮৯৫ পেটী ডিঃ রামব্রহ্ম ভট্টাচার্য্য দেঃ ইন্দুভূষণ ভট্টাচার্য্য মৃত্যান্তে ভক্তিভূষণ ভট্টাচার্য্য মৌজাদি ঐ /৪৷৷০ নিষ্কর

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যৎ পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্॥ ১;

চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক। ৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

১—দীর্ঘায়ু
২—স্বাস্থ্য
৩—শক্তি

এই তিনটী জিনিস লাভ করিবার প্রকৃত উপায়—

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পারপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী

আতঙ্ক নিগ্রহ ঔষধালয়

২১৪ বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা



# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের জন্যে, বর-কন্যের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৷৷৴০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৷৷৴০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৷৵০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷৵০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷৷০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও শ্লৈষ্মঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ৷৷০ আট আনা, মাশুলাদি ৷৵০ সাত আনা।



যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

### কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।



# ইলেক্ট্রিক সালিউসন




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের এক শিশি ঔষধের মূল্য মায় মাশুল ১৷৵০ আনা।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।



## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভুষণ দে।

রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)



ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৷৷৵০ দশ আনা

ডাঃ নন্দলাল পাল

রঘুনাথগঞ্জ